

# বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

## হিসাব বিভাগ

নং-১৮.১১.০০০০.৪৫৭.৯৯.০৫৩.২৪/৯৭৩

তারিখ- ২১/০৫/২০২৪ খ্রিঃ।

বিষয় : ২০২৩-২০২৪ অর্থ বৎসরের হিসাব সমাপনার লক্ষ্যে ব্যয়যোগ্য অর্থের বিল দাখিল প্রসঙ্গে।

সূত্র : ১) অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৭.০০.০০০০.১০২.২০.০০২.২১-২৭৪, তারিখ-১৬/০৫/২০২৪ খ্রিঃ।

২) অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮, তারিখ-২০/০৬/২০১৮ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় এবং পরিপত্রদ্বয়ের প্রতি আদিষ্ট হয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

২০২৩-২০২৪ অর্থ বৎসরের হিসাব সমাপনার লক্ষ্যে পরিচালন বাজেট ও উন্নয়ন বাজেট অনুযায়ী ব্যয়যোগ্য অর্থ খরচের জন্য সরকার নির্ধারিত সময়ে তথা ২৭ জুন, ২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে বিল নিষ্পত্তির বাধ্যবাধকতা রয়েছে। সরকারি নির্দেশনা প্রতিপালনের প্রয়োজনে ২০২৩-২০২৪ অর্থ বৎসরের হিসাব সমাপনার নিমিত্ত বিআইডব্লিউটিএ'র ঢাকা অফিস এবং অধীনস্থ আঞ্চলিক অফিসসমূহের পরিচালন বাজেট ও উন্নয়ন বাজেটে বরাদ্দ অনুযায়ী যথা সময়ে ব্যয় বিল দাখিল, বিল নিষ্পত্তি (চেক ইস্যু ও EFT সহ) করা আবশ্যিক। তাছাড়া, অর্থ বছর শেষে আর্থিক বিবরণী প্রস্তুত পূর্বক বহিঃ নিরীক্ষক (সিএ ফর্ম) দ্বারা নিরীক্ষা করতঃ নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন নির্ধারিত সময়ে কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রকাশের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে।

উল্লেখ্য, চলতি অর্থ বৎসরের জুন মাসের ১৬ - ১৮ তারিখ পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে সরকারি অফিসসমূহ বন্ধ থাকার সন্ধান রয়েছে। সে বিবেচনায় সরকার নির্ধারিত সময় মোতাবেক জুন/২৪ মাসে সাপ্তাহিক ছুটি সহ মোট ১০(দশ) দিন অফিস বন্ধ থাকবে এবং ১৭(সেতের) দিন কার্য সম্পাদনের সুযোগ রয়েছে। সার্বিক বিবেচনায় ২০২৩-২০২৪ অর্থ বৎসরের হিসাব সমাপনার নিমিত্ত বিআইডব্লিউটিএ'র ঢাকা অফিস এবং অধীনস্থ আঞ্চলিক অফিসসমূহের পরিচালন বাজেট ও উন্নয়ন বাজেটে বরাদ্দ অনুযায়ী যথা সময়ে ব্যয় বিল দাখিল, বিল নিষ্পত্তি (চেক ইস্যু ও EFT সহ) করার ক্ষেত্রে নিম্নরূপ সময়সীমা অনুসরণে কার্য সম্পাদনের জন্য আদিষ্ট হয়ে বিশেষভাবে অনুরোধ জানানো হলো:

ক্রঃ নং	বিষয়	সর্বশেষ সময়সীমা
০১.	উন্নয়ন বাজেটে অবমুক্তকৃত অর্থের বিপরীতে কোড ভিত্তিক মোট ব্যয়/ব্যয়যোগ্য এবং অব্যয়িত অর্থের পরিমাণ হিসাব বিভাগকে অবহিতকরণের সর্বশেষ সময়	১৯ জুন, ২০২৪ খ্রিঃ
০২.	পরিচালন বাজেট ও উন্নয়ন বাজেট উভয় খাতে ব্যয়যোগ্য অর্থের বিল হিসাব বিভাগে দাখিলের সর্বশেষ সময়	১৯ জুন, ২০২৪ খ্রিঃ
০৩.	পরিচালন বাজেট ও উন্নয়ন বাজেট উভয় খাতে ব্যয়যোগ্য অর্থের বিল হিসাব বিভাগে পুনঃদাখিলের (পর্যবেক্ষণ থাকলে) সর্বশেষ সময়	২৩ জুন, ২০২৪ খ্রিঃ
০৪.	পরিচালন বাজেট ও উন্নয়ন বাজেট উভয় খাতে ব্যয়যোগ্য অর্থের বিল নিষ্পত্তির (চেক ইস্যু ও EFT সহ) সর্বশেষ সময়	২৭ জুন, ২০২৪ খ্রিঃ
০৫.	অব্যয়িত অর্থ সরকারি কোম্পাগারে জমার সর্বশেষ সময় (প্রযোজ্য ক্ষেত্রে)	৩০ জুন, ২০২৪ খ্রিঃ
০৬.	পরিচালন বাজেট এর আওতায় আঞ্চলিক/শাখা অফিসসমূহের জুন/২০২৪ মাসের হিসাব বিবরণী কেন্দ্রীয় হিসাব দপ্তরে প্রেরণের সর্বশেষ সময়	৩০ জুন, ২০২৪ খ্রিঃ

বিশেষভাবে উল্লেখ্য, মে'২০২৪ হতে হিসাব বিভাগ কর্তৃক iBAS++ সিস্টেমে P/L Account এর মাধ্যমে পরিচালন বাজেটের বিল-ভাউচার পরিশোধ করা হচ্ছে এবং অধিকাংশ উন্নয়ন প্রকল্প ইতোমধ্যে P/L Account এর আওতাভুক্ত হয়েছে। iBAS++ সিস্টেমে সাধারণতঃ প্রতি কার্য দিবসে কর্ম ঘণ্টা (৯:০০ হতে ৪:০০)- এর মধ্যে P/L Account এর মাধ্যমে বিল পরিশোধ/নিষ্পত্তির সুযোগ থাকে। ফলে উল্লিখিত সময়-সীমার মধ্যে কোড/খাত ভিত্তিক ব্যয়/ব্যয়যোগ্য অর্থের হিসাব, বিল/পুনঃবিল দাখিলে বিলম্ব হলে হিসাব বিভাগ হতে সরকার নির্ধারিত সময়ে ২০২৩-২০২৪ অর্থ বৎসরের হিসাব সমাপ্ত করা সম্ভব হবে না।

  
(মোঃ নূরুল হুদা)  
যুগ্ম-পরিচালক হিসাব (বুকস ও প্রশাসন)  
বিআইডব্লিউটিএ, ঢাকা।

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, প্রশাসন ও মানব সম্পদ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।